**This guidance was withdrawn on 1 April 2022**

The information in this guidance has been superseded by Infection prevention and control in adult social care: COVID-19 supplement.

Department of Health & Social Care

# কোভিড-19 এর মোকাবেলা করা

## অ্যাডাল্ট সোশ্যাল কেয়ারের জন্য নৈতিক অবকাঠামো

12/03/2020

# বিষয়বস্তু

সূচনা ........ 2
কাঠামোটি কীভাবে ব্যবহার করবেন ........ 3
মূল্যবোধ এবং নীতি ........ 4
1. সম্মান ........ 4
2. যুক্তিযুক্ততা ........ 5
3. ক্ষয়ক্ষতি কমানো ........ 5
4. অন্তর্ভুক্তি ........ 6
5. জবাবদিহিতা ........ 6
6. নমনীয়তা ........ 7
7. আনুপাতিকতা ........ 8
8. কমিউনিটি ........ 8

# সূচনা

সাম্প্রতিক নোভেল করোনাভাইরাস (কোভিড-19) এর প্রাদুর্ভাব, যা ডিসেম্বর 2019-এ শুরু হয়েছিল, সেটি যুক্তরাজ্যের হেলথ এবং কেয়ার পরিষেবার উপর বড় প্রভাব ফেলবে। 2020 সালের 3 মার্চ-এ প্রকাশিত করোনাভাইরাস অ্যাকশন প্ল্যান-এ যেমনটি উল্লেখ করা হয়েছে, যুক্তরাজ্যের হেলথ ও সোশ্যাল কেয়ার ব্যবস্থা মহামারীর মোকাবেলা করার জন্য বছরের পর বছর ধরে ব্যাপক পরিকল্পনা করেছে এবং জনগণকে পূর্ণাঙ্গ নিরাপত্তা দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে। অবশ্যই, এ ব্যাপারে আমাদের বোঝাপড়া বৃদ্ধি পাবার সাথে সাথে আমাদের উপর কোভিড-19 এর হুমকির ধরণ, মাত্রা এবং অবস্থান অনুযায়ী একে সঠিকভাবে মোকাবেলা করার জন্য উপযুক্ত বন্দোবস্ত গ্রহণ করা হবে।

লোকাল অথোরিটিসমূহ এবং বৃহত্তর হেলথ ও কেয়ার কর্মীদের প্রতিদিন কঠিন সিদ্ধান্তের মুখোমুখি হতে হয়, তবে, যেহেতু কোভিড-19 বেড়ে যাচ্ছে তাই সীমিত সময়, সংস্থান বা তথ্য সহ নতুন এবং ব্যতিক্রমী চাপের মুখে এটির জন্য পরিকল্পনা এবং মোকাবেলা করতে নিঃসন্দেহে কঠিন সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন হবে। এই সিদ্ধান্তগুলো ব্যক্তিগত হতে পারে, যা আমাদের পরিবার, কেয়ারার এবং কমিউনিটির সাথে সম্পর্কিত, বা আমাদের হেলথ ও কেয়ার পরিষেবাগুলোর সংগঠন এবং বিতরণে ব্যাপক প্রভাব ফেলতে পারে। সেই সময়ে জারি করা এবং প্রযোজ্য আইন এবং সরকারী নির্দেশিকার সাথে সামঞ্জস্য রেখে, এবং সংবিধিবদ্ধ দায়িত্ব এবং পেশাদার দায়িত্বগুলো পূরণ করার সময় সিদ্ধান্ত নিতে হবে।

এই কাঠামো চলমান সাড়া দেওয়ার পরিকল্পনা এবং সিদ্ধান্ত-গ্রহণ করাতে সহায়তা প্রদান করতে ইচ্ছুক এটি নিশ্চিত করতে যে প্রাপ্তবয়স্কদের সোশ্যাল কেয়ারকে সংগঠিত এবং বিতরণ করার সময় যেন নৈতিক মূল্যবোধ এবং নীতিগুলোর ক্রমকে যথেষ্ট বিবেচনা দেওয়া হয়। ক্রমবর্ধমান চাপ এবং প্রত্যাশিত চাহিদাকে স্বীকৃতি দিতে, কিভাবে সংস্থানগুলোকে পুনর্নির্দেশ করা যায় যেখানে এটি সব চেয়ে বেশি প্রয়োজনীয় এবং ব্যক্তিগত পরিচর্যার চাহিদাকে অগ্রাধিকার দেওয়ার মত চ্যালেঞ্জিং সিদ্ধান্তগুলো নেওয়ার জন্য এটি প্রয়োজনীয় হতে পারে। এই কাঠামো এই ধরণের সিদ্ধান্ত নেওয়ার জন্য নির্দেশনা হিসাবে কাজ করতে চায় এবং যে কোনও সম্ভাব্য ক্ষতির মুখোমুখি হওয়ার বিষয়ক বিবেচনাকে আরও জোরদার করে, এবং সকল আলাদা আলাদা ব্যক্তির চাহিদাগুলো সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সর্বদাই কেন্দ্রে থাকে। সকল ব্যক্তি, তাদের পরিবার এবং কেয়ারার এবং কমিউনিটিগুলোর উদ্বেগকে সমান চোখে দেখতে হবে এবং সম্মান দিতে হবে, পাশাপাশি পেশাদার এবং স্বেচ্ছাসেবীদেরকেও, এইজন্য যে আমরা আমাদের পরিষেবা প্রদান এবং উদ্দেশ্যগুলো অর্জন করা নিশ্চিত করার উপর নির্ভর করব।

যেহেতু মহামারী সামগ্রিকভাবে সমাজকে প্রভাবিত করে, তাই চলমান এবং ভবিষ্যত সাড়া দেওয়াকে সহায়তা করার জন্য প্রত্যেককেই তাদের ভূমিকা পালন করতে হবে। এটি অত্যাবশ্যক যে পেশাদার, সংস্থা এবং সরকারী সংস্থাগুলো স্থানীয় এবং জাতীয় পর্যায়ে এক সাথে কাজ করছে, এবং জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় পর্যায়ের পরিকল্পনা এবং সাড়া দেওয়ার কার্যক্রম সু-সমন্বিত রয়েছে। যে সিদ্ধান্তগুলো নেওয়া হয় সেগুলোর এবং প্রাদুর্ভাব চলাকালীন এবং বিকশিত হওয়ার সময়ে জবাবদিহিতা নিশ্চিত করা এবং অন্যদের সাথে শিক্ষা নেওয়া শেয়ার করা উভয় ক্ষেত্রে তাদের ন্যায্যতা বজায় রাখার যথাযথ রেকর্ড অবশ্যই রাখতে হবে।

এই দলিলটি 2007 সালে কমিটি অন এথিক্যাল অ্যাসপেক্টস অব প্যান্ডেমিক ইনফ্লুয়েঞ্জা দ্বারা তৈরি নৈতিক কাঠামো থেকে রূপান্তরিত এবং ঝালানো হয়েছে, যা পরবর্তীতে 2017 সালে ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড সোশ্যাল কেয়ার দ্বারা সংশোধিত হয়েছিল।

# কাঠামোটি কীভাবে ব্যবহার করবেন

এই কাঠামোটি পরিকল্পনাকারী এবং কৌশলগত নীতি নির্ধারকদের উদ্দেশ্য করে তৈরি করা হয়েছে যারা স্থানীয়, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে কোভিড-19 চলাকালীন এবং বিকশিত হওয়ার সময়ে সাড়া দেওয়ার পরিকল্পনা এবং প্রাপ্তবয়স্কদের সোশ্যাল কেয়ার সংগঠনগুলোকে সহায়তা করে। এটি হেলথ এবং সোশ্যাল কেয়ার কর্মীদের মধ্যে পেশাদার এবং অন্যান্যদের কাজকে সহায়তা করাকেও লক্ষ্য করে, যারা তাদের নিজস্ব পেশাদার আচরণবিধি এবং বিধিবিধানের সাথে সঙ্গতি রেখে নীতিগুলোর বিকাশ করছেন এবং প্রাদুর্ভাবের মোকাবেলা করছেন। এই নীতিগুলো সোশ্যাল কেয়ার খাতে আরও ব্যাপকভাবে প্রয়োগ করা যেতে পারে।

সোশ্যাল কেয়ার স্থানীয়ভাবে নেতৃত্বাধীন এবং বিতরণ পরিষেবা যা আলাদা আলাদা ব্যক্তি এবং তাদের পরিবার, কমিউনিটি এবং সংস্কৃতি সম্পর্কে বিস্তারিতভাবে বুঝতে পারার উপর নির্মিত হয়। সোশ্যাল ওয়ার্কার, অকুপেশনাল থেরাপিস্ট এবং নার্সরা মূলত পেশাজীবী গ্রুপ গঠন করে এবং তাদের নিজস্ব পেশাগত আচরণবিধি এবং নির্দেশনা সম্পর্কে সুস্পষ্ট দায়িত্ব এবং জবাবদিহিতা রয়েছে। স্থানীয় পেশাজীবী নেতৃবৃন্দ যেমন প্রিন্সিপাল সোশ্যাল ওয়ার্কার্স এবং প্রিন্সিপাল অকুপেশনাল থেরাপিস্টস, এই কাঠামোটি প্রয়োগ ও বোধগম্য হওয়ার বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে মূল ভূমিকা রাখবেন। যেমন, এই পেশাদারদের দক্ষতা স্থানীয়ভাবে সম্মত হওয়া প্রক্রিয়াগুলোর বিকাশ ও পর্যালোচনা করায় সহায়তা করতে ব্যবহার করতে হবে।

অবশ্যই, নৈতিক বিবেচনার পাশাপাশি, প্রতিটি সিদ্ধান্তের জন্য প্রত্যেকের কল্যাণ, সামগ্রিক জনসাধারণের মঙ্গল এবং উপলব্ধ সংস্থানগুলো বিবেচনা করতে হবে। সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে নির্দেশনা দিতে, যা শীর্ষস্থানীয় পেশাদারদের মতামত দ্বারা সমর্থিত হবে, শাখা এবং সংস্থাগুলোর মধ্যে সহযোগিতা করতে, এবং প্রতিটি পরিস্থিতিতে উপলব্ধ তথ্যের পরিমাণের ভিত্তিতে মূল্যবোধ এবং নীতিগুলোকে একটি সূচনা বিন্দু হিসাবে কাজ করতে হবে। নৈতিক মূল্যবোধ এবং নীতিগুলো তাদের জন্যেও সমান প্রাসঙ্গিক হবে যারা সোশ্যাল কেয়ার চাহিদা থাকার কারণে বর্ধিত দুর্বলতার মুখোমুখি হতে পারেন, যাদের সোশ্যাল কেয়ার চাহিদার প্রয়োজন হতে পারে, এবং কোভিড-19 চলাকালীন এবং বিকাশের সময় কঠিন সিদ্ধান্ত নেওয়ার এবং পরিচর্যা এবং সহায়তা প্রদানের সময় হেলথ এবং সোশ্যাল কেয়ার কর্মীরা নতুন এবং অপ্রত্যাশিত বোঝার সম্মুখীন হতে পারে।

নীতিগত বিবেচনার বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে তা নিশ্চিত করতে কাঠামোটি চেকলিস্ট হিসাবে ব্যবহার করা কার্যকর হতে পারে, তবে, এই নথিতে বর্ণিত মূল্যবোধ এবং নীতিগুলো সামগ্রিক নয়। জরুরি ও অনিশ্চিত পরিস্থিতিতে নৈতিক মূল্যবোধ এবং নীতিগুলো প্রয়োগ করার সময়, আপনি তাদের উত্তেজনার সম্মুখীন হতে পারেন যার জন্য সেই পর্যায়ের বিচারবোধ থাকতে হবে যেন প্রতিটি সুনির্দিষ্ট সিদ্ধান্তের প্রসঙ্গে একটি সুনির্দিষ্ট মূল্যবোধ এবং নীতি প্রয়োগ করা যেতে পারে। সকল ক্ষেত্রে, সম্মান এবং যুক্তিযুক্ত হিসাবে মৌলিক, জোরালো নীতিগুলো ব্যবহার করতে হবে যা পরিকল্পনাকে নির্দেশনা দেয় এবং বিচারকে সহায়তা করে।

# মূল্যবোধ এবং নীতি

এই বিভাগটি প্রতিটি নৈতিক মূল্যবোধ ও নীতি এবং সম্পর্কিত কার্যকলাপ ও সর্বোত্তম অনুশীলনগুলো বিবেচনা এবং প্রয়োগ করার সময় এগুলোর রূপরেখা নির্ধারণ করে। পেশাদার আচরণবিধি এবং সর্বশেষতম সরকারী নির্দেশনা এবং আইনগুলো কোথায় এবং কিভাবে প্রযোজ্য হবে তার পাশাপাশি এগুলো বিবেচনা করতে হবে। নীতিগুলোর রেফারেন্স দেওয়া সহজ করার জন্য নম্বর দেওয়া হয় তবে তা তাৎপর্য বা সামগ্রিকতার ক্রমে দেওয়া হয় না - সঠিক বা সর্বাধিক নৈতিক সিদ্ধান্ত নেওয়ার জন্য কোনও নিশ্চিত উত্তর নেই।

যেখানে সংস্থানগুলো সীমিত এবং চাহিদা ক্রম বর্ধমান, সেক্ষেত্রে সকল নীতি বা এগুলোর অধীনস্থ ক্রিয়াগুলোকে বিবেচনা করা সম্ভব নাও হতে পারে। প্রতিটি নীতির যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা এবং প্রতিটি ব্যক্তির কল্যাণ, জনসাধারণের জন্য সামগ্রিকভাবে ভাল হওয়া এবং উপলব্ধ তথ্য এবং সংস্থানসমূহের বিবেচনার সাথে প্রতিটি পরিস্থিতির প্রেক্ষাপটে যথাসম্ভব বিবেচনা করতে হবে।

## 1. সম্মান

এই নীতি প্রতিটি ব্যক্তি এবং তাদের মানবাধিকার, ব্যক্তিগত পছন্দ, নিরাপত্তা এবং মর্যাদার বিষয়কে স্বীকৃতি দেওয়া হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

লোকজনদের সাথে সম্মানের সাথে আচরণ করা নিশ্চিত করতে, সিদ্ধান্ত গ্রহণকারীদের যা করতে হবে:

- লোকজনদের পরিচর্যা, সহায়তা এবং চিকিৎসাকে প্রভাবিত করে এমন বিষয়ে তাদের মতামত প্রকাশ করার সুযোগ দিন

- বর্তমান এবং ভবিষ্যত প্রভাবগুলো বিবেচনা এবং যোগাযোগ করে, লোকজনের ব্যক্তিগত পছন্দগুলোকে যথাসম্ভব সম্মান করুন

- কী ঘটছে বা যে কোনও পরিস্থিতিতে যেটি ঘটবে বলে ভাবা হচ্ছে সেই ব্যাপারে যতটা সম্ভব লোকজনকে অবহিত করুন

- যেখানে কোনও ব্যক্তির মানসিক সামর্থ্যের অভাব থাকতে পারে (মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট-এ যেমনটি সংজ্ঞায়িত করা হয়েছে), সেক্ষেত্রে নিশ্চিত করুন যে কোনও ব্যক্তির জন্য সবচেয়ে ভালো কী হবে তা এবং সহায়তার চাহিদাকে বিবেচনা করা হয় তাদের দ্বারা যারা দায়বদ্ধ বা তাদের পক্ষে সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রাসঙ্গিক আইনি কর্তৃত্ব রয়েছে

- অগ্রাধিকার সংক্রান্ত যে কোনও সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ন্যায্য বিচার এবং সুস্পষ্ট ন্যায়সঙ্গতা আছে তা নিশ্চিত করে উপলব্ধ সংস্থানসমূহের সাপেক্ষে, লোকজনের যা অধিকার তা পেতে, তাদেরকে সহায়তা দেওয়ার চেষ্টা করুন

## 2. যুক্তিযুক্ততা

এই নীতিকে সিদ্ধান্তগুলো যুক্তিসঙ্গত, সুষ্ঠু, বাস্তবসম্মত, এবং উপযুক্ত প্রক্রিয়া, উপলব্ধ প্রমাণ এবং স্পষ্ট ন্যায়সঙ্গতার উপর ভিত্তি করে নিশ্চিত করা হিসাবে সংজ্ঞায়িত হয়।

সিদ্ধান্তটি কতটা যুক্তিযুক্ত তা বিবেচনা করার সময়, সিদ্ধান্ত গ্রহণকারীদের যা করতে হবে:

- কার্যকরী হওয়ার যুক্তিসঙ্গত সুযোগ সহ গৃহীত সিদ্ধান্ত বাস্তব সম্মত হওয়া নিশ্চিত করুন
- প্রমাণ এবং তথ্যের ভিত্তিতে মূল সিদ্ধান্তগুলো নিন যা সেই সময়ে পাওয়া যায়, আপনার সামনে আসতে পারে এমনসব জ্ঞাত ঝুঁকি এবং সুবিধাগুলো সম্পর্কে অবগত থাকা
- সংস্কৃতি এবং কমিউনিটির ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি সম্পর্কে সচেতন হয়ে, বিকল্প উপায় এবং চিন্তাভাবনার উপায়গুলো বিবেচনা করুন
- একটি পরিষ্কার, সুষ্ঠু সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ব্যবহার করুন যা সময় উপযুক্ত এবং প্রসঙ্গ অনুযায়ী সিদ্ধান্ত অবশ্যই নিতে হবে এবং অবদানগুলোকে গুরুত্ব সহকারে বিবেচনা করার অনুমতি দেয়

প্রাসঙ্গিক সমতা-সম্পর্কিত আইনি এবং নীতি কাঠামোর পাশাপাশি এই নীতিটি বিবেচনা করতে হবে। যদিও সংস্থানগুলোয় টান পড়তে পারে, তবে এটি ঠিক রাখতে হবে যে যাদের চাহিদা মিটে গেছে তাদের মত চাহিদা সম্পন্ন লোকদের একই সুযোগ থাকতে হবে।

## 3. ক্ষয়ক্ষতি কমানো

এই নীতিকে শারীরিক, মানসিক, সামাজিক এবং অর্থনৈতিক ক্ষতির পরিমাণ কমানোর চেষ্টা করা যা এই প্রাদুর্ভাব ব্যক্তি এবং কমিউনিটির মধ্যে ঘটাতে পারে এইভাবে সংজ্ঞায়িত করা হয়। এর পরিবর্তে, এটি জড়িত করা নিশ্চিত করে যে পৃথক সংস্থাসমূহ এবং সোসাইটি সামগ্রিকভাবে এটির মোকাবেলা করে এবং তাদের সর্বোত্তম সামর্থ্যের মাধ্যমে এটি থেকে পুনরুদ্ধার পায়।

এটা গুরুত্বপূর্ণ যে যারা দায়ী তারা চেষ্টা করে:

- মেনে নিন এবং যোগাযোগ করুন যে বিস্তার কমিয়ে আনায় প্রত্যেকেরই ভূমিকা রয়েছে - যেমন, ভালোভাবে হাত ধুয়ে বা সামাজিক দূরত্ব অনুশীলন করে
- কেউ অসুস্থ হয়ে পড়লে সেক্ষেত্রে জটিলতার ঝুঁকি কমিয়ে ফেলুন
- কমিউনিটি এবং সংস্থাগুলোকে নিয়মিত এবং নির্ভুলভাবে আপডেট করতে থাকুন
- মহামারীর চিকিৎসা ও এটি মোকাবেলা করার সর্বোত্তম উপায় সম্পর্কে স্থানীয়, জাতীয় এবং বৈশ্বিক অভিজ্ঞতা থেকে শিক্ষা নেওয়া শেয়ার করুন যেমন যেভাবে কোভিড-19 এর বিকাশ হয় তা বুঝতে পারা

- কেয়ার ওয়ার্কার এবং স্বেচ্ছাসেবীদের অবহিত সিদ্ধান্ত নিতে সক্ষম করুন যারা দুর্বল লোকজনদের সহযোগিতা করেন

## 4. অন্তর্ভুক্তি

এই নীতিকে লোকজনকে পরিস্থিতি বোঝার উপযুক্ত সুযোগ দেওয়া হয়, তাদেরকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তগুলোতে অন্তর্ভুক্ত করা হয়, এবং তাদের মতামত দেবার এবং চ্যালেঞ্জ জানানোর প্রস্তাব করাকে নিশ্চিত করা এইভাবে সংজ্ঞায়িত করা হয়। এর পরিবর্তে, সিদ্ধান্ত এবং ক্রিয়াকলাপগুলোর যতটা সম্ভব অসমতা কমানোর দিকে লক্ষ্য রাখতে হবে।

যতটা সম্ভব অন্তর্ভুক্তি নিশ্চিত করতে, সিদ্ধান্ত গ্রহণকারীদের যা করতে হবে:

- লোকজনকে পরিকল্পনার দিকগুলোর সাথে সংশ্লিষ্ট করুন যা তাদের নিজেদের, তাদের পরিচর্যা ও চিকিৎসা এবং তাদের কমিউনিটিগুলোকে প্রভাবিত করে
- পরিকল্পনার ব্যাপারে পরিবার এবং কেয়ারারদের সংশ্লিষ্ট করুন যা তাদেরকে এবং যে ব্যক্তির তারা পরিচর্যা করেন তাদেরকে প্রভাবিত করে
- নিশ্চিত করুন যে কোনও বিশেষ ব্যক্তি বা গ্রুপ সংশ্লিষ্ট হওয়া থেকে বাদ পড়েছেন না
- নির্দিষ্ট ব্যক্তি বা গ্রুপের উপর কোনও সিদ্ধান্তের যেকোনো অসমানুপাতিক প্রভাবগুলোকে বিবেচনা করুন
- বিভিন্ন ব্যক্তি এবং কমিউনিটির কাছে পৌঁছানোর জন্য প্রয়োজনীয় বিভিন্ন ধরণের যোগাযোগ করার পদ্ধতি এবং ফরম্যাট ব্যবহার করে, সংশ্লিষ্ট সকলের সাথে যথোপযুক্তভাবে যোগাযোগ করুন
- যখন কোনও ব্যক্তি বা গ্রুপের সাথে অন্যদের চেয়ে আলাদাভাবে আচরণ করার সিদ্ধান্ত নেওয়া হয় তখন স্বচ্ছ হতে হবে এবং সুস্পষ্ট ন্যায্যতা থাকতে হবে, যেন এটি দেখায় কেন এমনটি করা ন্যায়সংগত

যথাযথ ক্ষেত্রে, উপরোক্ত বিষয়গুলো প্রাসঙ্গিক সমতা-সম্পর্কিত আইনি এবং নীতি কাঠামোর পাশাপাশি বিবেচনা করতে হবে যা অন্তর্ভুক্তিমূলক সিদ্ধান্ত গ্রহণ করাকে অবহিত করবে এটি নিশ্চিত করে যে প্রকোপের বিকাশের সময় যারা সুবিধাবঞ্চিত হতে পারেন বা হয়ে গেছেন তাদের জন্য পরিষেবা ব্যবহারের ক্ষেত্রে সুনির্দিষ্ট বাধাগুলো সর্বনিম্নে নিয়ে আসা হয়।

## 5. জবাবদিহিতা

এই নীতিকে কিভাবে এবং কোন সিদ্ধান্তগুলো নেওয়া হয় তার দায়বদ্ধতার জন্য, লোকজন এবং আমাদের নিজেদেরকে দায়ী করে সংজ্ঞায়িত করা হয়। এর পরিবর্তে, কেন সিদ্ধান্ত নেওয়া হয় এবং কে তৈরি করার এবং তাদের সাথে যোগাযোগের জন্য দায়ী সেই সম্পর্কে এটির স্বচ্ছ হওয়ার প্রয়োজন রয়েছে।

দায়ীদেরকে অবশ্যই তাদের সিদ্ধান্ত এবং কার্যকলাপগুলোর জন্য দায়বদ্ধ থাকতে হবে:

- তাদের দায়িত্ব এবং কর্তব্যের মাধ্যমে আলাদা আলাদা ব্যক্তি, তাদের পরিবার এবং কেয়ারার এবং কর্মীদের জন্য পদক্ষেপ নিতে এবং প্রয়োজনীয় ফলাফল সরবরাহ করতে হবে
- তৎকালীন সরকারী নির্দেশনা, বিধিবদ্ধ কর্তব্য এবং পেশাদারীয় ও নিয়মাবলী মেনে চলা
- কিভাবে এবং কোন সিদ্ধান্ত নিতে হবে এবং কোন ভিত্তিতে সেই সম্পর্কে স্বচ্ছ হওয়া
- কোন সিদ্ধান্তগুলো নেওয়া হয় এবং কেন তা ন্যায়সঙ্গত তার জন্য প্রস্তুত হওয়া, উপযুক্ত রেকর্ড রাখা হচ্ছে তা নিশ্চিত করা
- অন্যদেরকে তাদের সিদ্ধান্ত ও ক্রিয়াকলাপের জন্য দায়বদ্ধ হতে সহায়তা করা

সংগঠনের মধ্যে, এটি আরও জড়িত করবে:

- পেশাগত ভূমিকা ও দায়িত্ব পালন করা অব্যাহত রাখা যতক্ষণ পর্যন্ত না এটি করা যুক্তিসঙ্গত বলে মনে করা হয়
- এমন পরিবেশ দেওয়া যেখানে কর্মীরা নিরাপদে, কার্যকর এবং সহযোগিতামূলকভাবে কাজ করতে পারে যা প্রাদুর্ভাবের বিকাশের সাথে সাথে তাদের স্বাস্থ্য এবং কল্যাণকে রক্ষা করে।
- সেইসব কর্মীদের যথাযথ দিকনির্দেশনা এবং সহায়তা প্রদান করা যাদেরকে তাদের দক্ষতার সাধারণ ক্ষেত্রের বাইরে কাজ করতে বলা হতে পারে বা সাড়া তাদের প্রতিদিনের কিছু কার্যক্রম সম্পাদন করতে অক্ষম হতে পারেন
- প্রাদুর্ভাব চলাকালীন এবং পরবর্তী সময়ে নৈতিক চ্যালেঞ্জগুলোর মোকাবেলা করার জন্য স্থানীয়ভাবে একমত হওয়া প্রক্রিয়াগুলোর বজায় থাকা

## 6. নমনীয়তা

এই নীতিকে প্রতিক্রিয়াশীল, সক্ষম এবং পরিবর্তিত বা নতুন পরিস্থিতির মুখোমুখি হয়ে মানিয়ে নিতে ইচ্ছুক হিসাবে সংজ্ঞায়িত করা হয় এটি অত্যাবশ্যক যে দ্রুত এবং সহযোগী কাজকে সহজতর করার জন্য, এই নীতিটি হেলথ এবং কেয়ার কর্মী এবং বৃহত্তর খাতে প্রয়োগ করা হয়।

নমনীয়তা নিশ্চিত করতে, সিদ্ধান্ত গ্রহণকারীদের যেগুলোর জন্য প্রস্তুত থাকতে হবে:

- মোকাবেলা করুন এবং পরিবর্তনগুলো যখনই ঘটুক তার সাথে মানিয়ে নিন – যেমন, নতুন তথ্য উত্থাপিত বা চাহিদার মাত্রা পরিবর্তিত হওয়ার ক্ষেত্রে
- নিশ্চিত করুন যে প্রযোজ্য ক্ষেত্রে পরিকল্পনা এবং নীতির নমনীয়তা এবং উদ্ভাবনের জন্য সুযোগ আছে

- লোকজনকে সেই সিদ্ধান্তগুলোকে চ্যালেঞ্জ করতে যতটা সম্ভব সুযোগ দিন যা সেই যে সময় তাদেরকে প্রভাবিত করার জন্য উপলব্ধ থাকে

- নিশ্চিত করুন যে যতটা সম্ভব দ্রুত এবং প্রাণবন্তভাবে, হেলথ এবং কেয়ার কর্মীদের শাখা এবং সংস্থাগুলো জুড়ে সহযোগীতার সাথে কাজ করার জন্য সহায়তা করা হচ্ছে।

- সাংগঠনিক অনুশীলন, স্ট্যান্ডার্ড পদক্ষেপ এবং চুক্তিবদ্ধ ব্যবস্থা যা এই উচ্চাকাঙ্ক্ষাকে বাধা দিতে পারে সেগুলো পর্যালোচনা করুন

## 7. আনুপাতিকতা

এই নীতিকে সহায়তা প্রদান করা হিসাবে সংজ্ঞায়িত করা হয় যা জনগণ, কমিউনিটি এবং কর্মীদের চাহিদা এবং দক্ষতার সাথে সমানুপাতিক, এবং সেই সকল সুবিধা এবং ঝুঁকি যা সিদ্ধান্ত গ্রহণ করার প্রক্রিয়াগুলোর মাধ্যমে সনাক্ত করা হয়।

আনুপাতিকতা বিবেচনা করার সময়, দায়িত্বশীলদের যা করতে হবে:

- যতটা সম্ভব কেয়ার এবং সহায়ক চাহিদা পূরণে জনগণকে সহায়তা করুন

- বিধিবদ্ধ বা বিশেষ দায়িত্ব অনুযায়ী কাজ করুন, যা প্রাদুর্ভাবের বিকাশ হওয়ার সাথে সাথে সংশোধন করা যেতে পারে এমন কোনও নীতিকে উল্লেখ করে

- অন্যদের যত্ন নেওয়ার জন্য যাদের উপর অতিরিক্ত বা নতুন দায়িত্ব রয়েছে তাদেরকে সহায়তা দিন

- যাদেরকে বর্ধিত ঝুঁকি নিতে বা বর্ধিত বোঝার মুখোমুখি হতে বলা হয় তাদেরকে সহায়তা দিন, যদিও যতদূর সম্ভব এগুলোকে কমানোর চেষ্টা করা হচ্ছে

- অপ্রত্যাশিত বা নতুন চাপের সম্মুখীন হতে পারে এমন কর্মীদের উপযুক্ত সহায়তা দিন এবং যোগাযোগ রাখুন

## 8. কমিউনিটি

এই নীতিকে একে অপরকে সহায়তা করে একসাথে প্রাদুর্ভাবের মোকাবেলা করার এবং আমাদের কমিউনিটিগুলোকে আমাদের সর্বোচ্চ সামর্থ্যের মাধ্যমে শক্তিশালী করার প্রতিশ্রুতি হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

এর সাথে জড়িত প্রত্যেককে প্রাদুর্ভাবের মোকাবেলা করায় ভূমিকা রাখতে হবে এবং কোনও না কোনোভাবে প্রভাবিত হবে, এবং তাই যা করতে হবে:

- একে অপরের সাথে কাজ করুন এবং পরিকল্পনা, মোকাবেলা এবং প্রাদুর্ভাবের সাথে লড়াই করতে সহায়তা করুন
- আমাদের নেটওয়ার্ক এবং কমিউনিটিগুলোকে তাদের সাড়া দেওয়াকে জোরদার করতে এবং উত্থিত চাহিদাগুলো পূরণ করতে সহায়তা করুন - যেমন, প্রতিবেশী, বন্ধুবান্ধব এবং পরিবারকে সাহায্য দিয়ে এবং পরিচর্যা দিয়ে
- নিজস্ব আচরণ এবং সিদ্ধান্ত, এবং এটি অন্যের উপর কিভাবে প্রভাব ফেলতে পারে সেই ব্যাপারে সচেতন হোন
- নিজের অভিজ্ঞতা থেকে শিক্ষা নেওয়াকে শেয়ার করুন যা অন্যদেরকে সহায়তা করতে পারে

© ক্রাউন কপিরাইট 2020

GOV.UK এ শুধুমাত্র পিডিএফ ফরম্যাটে প্রকাশিত।

[Office of the Chief Social Worker]

www.gov.uk/dhsc

অন্য কোনভাবে উল্লেখ করা না হলে এই প্রকাশনাটি ওপেন গভর্নমেন্ট লাইসেন্সের v3.0 এর শর্ত অনুযায়ী লাইসেন্সকৃত। এই লাইসেন্সটি দেখার জন্য ভিজিট করুন: nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3

যেক্ষেত্রে আমরা কোনো তৃতীয় পক্ষের কপিরাইট সংক্রান্ত তথ্য শনাক্ত করেছি সেক্ষেত্রে আপনাকে সংশ্লিষ্ট কপি রাইট অধিকারীর কাছ থেকে অনুমতি নিতে হবে।

OGL